

এইচএসসির ফরম পূরণের সময় বাড়ল

সংবাদ অনলাইন রিপোর্ট

: সোমবার, ১৭ জুলাই ২০২৩



চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফরম পূরণের সময় বাড়ানো হয়েছে। রোববার (১৬ জুলাই) ঢাকা শিক্ষা বোর্ড সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান হয়েছে।

এতে বলা হয়েছে, ২০২৩ সালের এইচএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণের সময় আগামী ১৮ জুলাই পর্যন্ত বাড়ানো হয়েছে। আর সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেওয়া যাবে ১৯ জুলাই পর্যন্ত।

পাশাপাশি ১০০ টাকা বিলম্ব ফিসহ আগামী ২০ থেকে ২৫ জুলাই পর্যন্ত ফরম পূরণ করতে পারবেন শিক্ষার্থীরা। বিজ্ঞপ্তিতে ফি পরিশোধের সময় ২৬ জুলাই পর্যন্ত বাড়ানো হয়েছে।

এই সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান ফরম পূরণের কাজ সম্পন্ন করবে। বিষয়টি নিশ্চিত করবেন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান। এর আগে গত ৯ জুলাই থেকে এইচএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণ শুরু হয়; রোববার তা শেষ হওয়ার কথা ছিল।

প্রসঙ্গত আগামী ১৭ অগাস্ট থেকে এ বছরের এইচএসসি ও সমমান
পরীক্ষা শুরু হবে।